বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

Waste Material Management

- বর্জ্যকে অবাঞ্ছিত ও অব্যবহারযোগ্য উপকরণ হিসাবে চিহ্নিত করা হয়। এটি এমন একটি পদার্থ যা আমাদের কোন কাজে আসে না।
  উৎসের বিচারে বর্জ্য চার ধরনের।
  ১. ডমেস্টিক ওয়েস্ট বা গৃহস্থলি বর্জ্য যেমন- রান্নার উচ্ছিষ্ট, ফলের খোসা ইত্যাদি।
  ২. ইন্ডাস্ট্রিয়াল ওয়েস্ট বা কল-কারখানার বর্জ্য; যেমন- প্লাস্টিক, রাসায়নিক উপজাত ইত্যাদি।
  ৩. কমার্শিয়াল ওয়েস্ট অর্থ্যাৎ স্কুল, অফিস, বানিজ্যিক ভবন থেকে যে বর্জ্য তৈরী হয়; যেমন- খাতা, ফাইল, ধাতব পদার্থ ইত্যাদি।
  ৪. অ্যাগ্রিকালচারাল ওয়েস্ট বা কৃষিজাত বর্জ্য; যেমন গবাদি পশুর বর্জ্য, আগাছা, ভুষি ইত্যাদি।

- জীবনকালের ভিত্তিতে বর্জ্য দুই ধরনের।
  ১. **Biodegradable waste** বা পঁচনশীল বর্জ্য; এই বর্জ্যগুলি একটি নির্দিষ্ট সময় পরে পঁচতে শুরু করে। যেমন- রান্নার উচ্ছিষ্ট, ফলের খোসা, বাগানের বর্জ্য ইত্যাদি।
  ২. **Non-biodegradable waste** বা অপঁচনশীল বর্জ্য; এইবর্জ্যগুলি দীর্ঘ সময় পরেও অবিকৃত থাকে; যেমন- প্লাস্টিক, রাবার ইত্যাদি।

- **Waste Management** বা বর্জ্য ব্যবস্থাপনা:
  বর্জ্য তৈরী থেকে নিষ্পত্তি হওয়া পর্যন্ত সকল কাজ ও প্রক্রিয়াগুলির সমন্বিত রূপকে বলে ওয়েস্ট ম্যানেজমেন্ট বা বর্জ্য ব্যবস্থাপনা। ওয়েস্ট ম্যানেজমেন্টের তিরটি ধাপ আছে। সেগুলি হলো—
  ১. **Reduce** (হ্রাস করা): পণ্যের অতিরিক্ত ও অপ্রয়োজনিয় ব্যবহার হ্রাস করলে সয়ংক্রিয়ভাবে বর্জ্যের উৎপাদন হ্রাস পাবে।

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

Waste Material Management

২. **Reuse** (পূনঃব্যবহার করা): উৎপাদিত বর্জগুলির বাজারে কোন চাহিদা আছে কিনা যাচাই করা। যেমন চিনিকলে উৎপাদিত বর্জ্য গোখাদ্য হিসাবে সমাদৃত। ব্যবহৃত কাগজ কিনে নেয় পেপার মিলগুলি, যেখানে এই কাগজগুলিকে রিসাইকেল করে আবার কাগজ তৈরী করে তারা। কোথাও চাহিদা থাকলে সেখানে বিক্রয় করে দেয়া, যাতে পুনঃব্যবহার নিশ্চিত হয়।

৩. **Recycle** (রিসাইকেল করা): যদি পুনঃব্যবহার করা সম্ভব না হয় তবে সম্ভব্য সকল দ্রব্যাদি ক্যাটাগরি অনুযায়ী আলাদা করে স্টোর করতে হবে যেন উপযুক্ত সময়ে এগুলিকে রিসাইকেল করার জন্য পাঠানো সম্ভব হয়।

৪. **Dispose** (বাতিল করা): পুনঃব্যবহার কোনভাবেই সম্ভব নয় এমন বর্জ্যগুলিকে তিনভাগে ভাগ করা। পঁচনশীল, অপঁচনশীল ও বিপদজনক বর্জ্য। পঁচনশীল ও অপঁচনশীল বর্জ্যকে আলাদা বিন-এ ফেলতে হয়। পঁচনশীল বর্জ্যের বিনটিকে অবশ্যই ঢাকনাযুক্ত হতে হয়। বিপদজনক বর্জ্য এর মধ্যে পড়ে মেডিক্যাল সুই, সিরিঞ্জ, ছুড়ি, ব্লেড ইত্যাদি। এধরনের বর্জ্যকে অবশ্যই আলাদা ও সংরক্ষিত বিন-এ রাখতে হয়।

নিয়মিত বিরতিতে অবশ্যই সকল বিন-কে খালি ও পরিষ্কার করতে হয়। পঁচনশীল বর্জ্যকে মাটিচাপা দেয়ার সুযোগ থাকলে পরে এটি জৈব সার হিসাবে ব্যবহার করা যায়। সুযোগ না থাকলে সকল বর্জ্যকে স্থানীয় প্রসাশনের বর্জ্য সংগ্রহের গাড়িতে দিয়ে দিতে হয়, যেগুলি পরে রাষ্ট্রীয়ভাবে ব্যবস্থাপনা করা হয়।